গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালীর, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬২.১৯/ তাং-------------- /১৪২৮বঙ্গাব্দ। /২০২১খ্রীষ্টাব্দ।

## বিজ্ঞপ্তি

যেহেতু, জনাব হালিমা আফরোজ, পিতা: মোঃ আব্দুল হক মল্লিক, সিনিয়র স্টাফ নার্স, স্যার সলিসুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা এর অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তার স্থানীয় কর্তৃপক্ষ পরিচালক, স্যার সলিসুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা কর্তৃক ২৯/০৩/২০১৪খ্রিঃ তারিখের পরি/মিঃহাঃ/২০১৪/৯৩২০ নং স্মারকে তার বিরুদ্ধে অভিযোগ প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে এ অধিদপ্তরের ২৪/০৪/২০১৪খ্রিঃ তারিখের ডি,এনএস/শা-১/১হ-৪৫৫/৯৮/২৬৫৮/১(২) নং স্মারকে তাকে কৈফিয়ত তলব করা হয়। উক্ত কৈফিয়ত তলবের জাবাব তিনি দীর্ঘ দিন পর ১৩/০২/২০১৭খ্রিঃ তারিখ দাখিল করেন। কৈফিয়ত তলবের তার দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় ১২/০৬/২০১৭খ্রিঃ তারিখের ডি,এনএস/শা-১/১হ-৪৫৫/৯৮/৩২৯৪ নং স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামার কারণ দর্শানোর নোটিশ তার কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়।

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামার কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে ২১/০৬/২০১৭খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব মোতাবেক ২৯/১১/২০১৭খ্রিঃ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানীর বক্তব্য সন্তোষজনক নয় বিধায় দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ অধিদপ্তরের ০২/০৪/২০১৮খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১হ-৪৫৫/৯৮/১১২ নং স্মারকে এক সদস্য বিশিষ্ট তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক ১৯/০৪/২০১৮খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি দোষী প্রমাণিত না হলেও তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পক্ষপাত অবলম্বন করা হয়েছে। এ কারণে ২৫/০৫/২০১৮খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১হ-৪৫৫/৯৮/২২৮ নং স্মারকে তার স্থানীয় কর্তৃপক্ষ পরিচালক, স্যার সলিসুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা-কে অভিযুক্তের বর্তমান অবস্থান অবহিত করার জন্য অনুরোধ করা হয়।

৫। যেহেতু, অভিযুক্তের স্থানীয় কর্তৃপক্ষ পরিচালক, স্যার সলিসুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা কর্তৃক ০১/০৮/২০১৮খ্রিঃ তারিখের পরি/মিঃহাঃ/২০১৮/২৬৫৫৩ নং স্মারকে জানানো হয় যে, তিনি ০৪/০৩/২০১২খ্রিঃ তারিখ উক্ত হাসপাতালে যোগদানের পর ১৪/০৩/২০১২খ্রিঃ তারিখ হতে ২৫/১২/২০১২খ্রিঃ তারিখ পর্যন্ত ০৯ মাস ১২ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে তাকে ২৪/০২/২০১৩খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১হ-৪৫৫/৯৮/৮৪৭ নং স্মারকের আদেশে লঘুদণ্ডাদেশ প্রদান করা হয়। তিনি ২৭/০২/২০১৩খ্রিঃ তারিখ কাজে যোগদানপত্র দাখিল করিলেও ২৭/১২/২০১২খ্রিঃ তারিখ হতে ২৬/০২/২০১৩খ্রিঃ তারিখ পর্যন্ত বিলম্বিত দিনগুলির বিষয়ে তিনি কোন সদোত্তর প্রদান করতে পারেন নি। ফলে উক্ত প্রতিষ্ঠানে তার কাজে যোগদানপত্র গ্রহণ করা সম্ভব নয় মর্মে জানান। উক্ত প্রতিষ্ঠান থেকে ০১/০৮/২০১৮খ্রিঃ তারিখ এ অধিদপ্তরে পত্র প্রেরণের দিন পর্যন্তও তিনি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে জানানো হয়।

৬। যেহেতু, অভিযুক্তের কর্তব্য কাজে অনুপস্থিতির বিষয়টি পর্যালোচনায় তিনি ১৪/০৩/২০১২খ্রিঃ তারিখ হতে ২১/১০/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬ বছর ০৭ মাস ০৮ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(সি) বিধি অনুযায়ী ডিজারশনের দায়ে তিনি সন্দেহাতিতভাবে দোষী প্রমাণিত হয়েছেন।

৭। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(সি) বিধি অনুযায়ী তিনি ডিজারশনের দায়ে একাধিক দালিলিক প্রমাণাদি থাকায় কর্তৃপক্ষ কর্তৃক তাকে দোষী সাব্যস্ত করে চাকরি থেকে বরখাস্ত কারার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৮। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে ০৬/১২/২০১৮খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১হ-৪৫৫/৯৮/৪৫০ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে ০৮/০১/২০১৯খ্রিঃ তারিখ তার দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় বিধায় তাকে গুরুদন্ড হিসেবে সরকারি চাকুরী থেকে বরখাস্ত করার নিমিত্ত বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত গ্রহণের জন্য এ অধিদপ্তর হতে ১৯/০২/২০১৯ খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১হ-৪৫৫/৯৮/৮১ নং স্মারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

৯। যেহেতু, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা এর ১৭/০৬/২০২১খ্রিঃ তারিখের নং-৪৫.০০.০০০০.১৭৩ .২৭.০১২ .১৯-৩২ নং স্মারকে প্রেরিত বালাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকার ৩০/০৫/২০২১খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০ .১০৭.৩৪.০০৪.১৯(অংশ-১)-৩১৩ নং স্মারক মোতাবেক জনাব হালিমা আফরোজ, সিনিয়র স্টাফ নার্স-কে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি এর অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "সরকারি চাকরি হতে বরখাস্ত" (Dismissal) করার সিদ্ধান্তের সাথে কমিশন কর্তৃক একমত পোষণ করা হয়েছে।

১০। সেহেতু, এক্ষনে বিভাগীয় মামলা সংক্রান্ত সকল কাগজপত্রাদি পর্যালোচনান্তে এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামতের ভিত্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের, স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে জনাব হালিমা আফরোজ, পিতা: মোঃ আব্দুল হক মল্লিক, সিনিয়র স্টাফ নার্স, স্যার সলিসুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী **অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে**র দায়ে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে গুরুদন্ড অর্থাৎ **"সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal)"** করা হলো।

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬২.১৯/ ৬০৩/১(১২)

তাং- ২৮/৪/১৪২৮বঙ্গাব্দ।
২৭/৭/২০২১খ্রীষ্টাব্দ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়);

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, স্যার সলিসুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।
৬। চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্সের কার্যালয়, হিসাব বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮। সেবা তত্ত্বাবধায়ক, স্যার সলিসুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।
৯। জনাব হালিমা আফরোজ, পিতা: মোঃ আব্দুল হক মল্লিক, সিনিয়র স্টাফ নার্স, স্যার সলিসুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।
১০। জনাব হালিমা আফরোজ, পিতা: মোঃ আব্দুল হক মল্লিক, সিনিয়র স্টাফ নার্স, গ্রামঃ পশ্চিম ডুমুরিয়া, পোঃ শারিকতলা, উপজেলা ও জেলাঃ পিরোজপুর।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২। অফিস কপি।

২৭/০৭/২১
(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৭.২১-

তাং------/------/১৪২৮ বঙ্গাব্দ
/২০২১ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

জনাব মোছা: সফিনা পারভীন, পিতা: মো: আব্দুল মজিদ সরকার, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে সিভিল সার্জন, সিরাজগঞ্জ কর্তৃক গত ১০-০২-২০২১ খ্রি: তারিখের সিরাজ/প্রশা-১/তদন্ত/২০২১/২৬৪ নং স্মারকে অভিযোগ প্রেরণ করা হয়। উক্ত অভিযোগ তদন্ত করার জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হল। তদন্ত কমিটিকে আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল।

১. জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, সিরাজগঞ্জ ------------------------------------------ আহ্বায়ক;
২. সেবা তত্ত্বাবধায়ক/উপসেবা তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, সিরাজগঞ্জ ------------------------------ সদস্য;
৩. নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়গঞ্জ, সিরাজগঞ্জ ------------------------------------- সদস্য সচিব।

সংযুক্তি: অভিযোগের অনুলিপি-------০৭ (সাত) পাতা।

স্বা:
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ই-মেইলঃ dg@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৭.২১- ৫০২/১(৯)

তাং ২৮/৪/১৪২৮ বঙ্গাব্দ
২৯/৭/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
০১। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
০৩। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্যঅনুরোধ করা হলো)।
০৪। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, সিরাজগঞ্জ ( অভিযোগের অনুলিপি প্রেরণ করা হল)।
০৫। সেবা তত্ত্বাবধায়ক/উপসেবা তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, সিরাজগঞ্জ সদর হাসপাতাল, সিরাজগঞ্জ।
০৬। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (আপনাকে সাচিবিক দায়িত্ব পালনসহ তদন্ত কাজে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হল)।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৮। জনাব মোছা: সফিনা পারভীন, পিতা: মো: আব্দুল মজিদ সরকার, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
০৯। অফিস কপি।

২৯/৭/২১
মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৬.২১-

তাং------- / ---/১৪২৮বঙ্গাব্দ
/ /২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: কারণ দর্শানো।

সূত্র: পরিচালক ও অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা হতে প্রাপ্ত পত্রের স্মারক নং এনআইসিভিডি/নার্সিং/৪২৮৯, তারিখ: ২০-১২-২০২০ খ্রিস্টাব্দ।

আপনি জনাব মিতু দাস, পিতা- গিরিন দাস, সিনিয়র স্টাফ নার্স, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা যুক্তরাষ্ট্র ভ্রমণের জন্য গত ২২-১০-২০১৯ খ্রি: তারিখ হতে ০৫-১২-২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত মোট ৪৫ দিনের বহি: বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি মর্মে সূত্রোক্ত স্মারকে পরিচালক ও অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ জানিয়েছেন।

২। বর্ণিত অবস্থায়, পরিচালক ও অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ কর্তৃক আনীত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা নেওয়া হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জনানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

স্বা:
মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইলঃ dg@dgnm.gov.bd

**কর্মস্থলের ঠিকানা**
জনাব মিতু দাস
পিতা: গিরিন দাস
সিনিয়র স্টাফ নার্স
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা।

**স্থায়ী ঠিকানা**
জনাব মিতু দাস
পিতা: গিরিন দাস
গ্রাম: দিলালপুর
পোস্ট: পাবনা
থানা: পাবনা সদর
জেলা: পাবনা।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৬.২১- ৬০৫/১(৫)

তাং ২৪ / ৪ /১৪২৮বঙ্গাব্দ
২৯ / ৭ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :
০১। পরিচালক ও অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫। অফিস কপি।

২৯/৭/২০২১
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৫.২১-

তাং---- / /১৪২৮বঙ্গাব্দ
/ /২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: কারণ দর্শানো।

সূত্র: পরিচালক ও অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ স্মারক নং এনআইসিভিডি/নার্সিং/৪২৮৮ তারিখ: ২০-১২-২০২০ খ্রিস্টাব্দ।

আপনি জনাব সুমিতা হালদার, সিনিয়র স্টাফ নার্স, পিতা সুশীল হালদার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা গত ১৮-০১-২০২০ তারিখ হতে ১৭-০৩-২০২০ পর্যন্ত ০২ (দুই) মাসের অসুস্থতার জন্য বিশ্রাম চেয়ে ছুটির আবেদন করলেও অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি মর্মে সূত্রোক্ত স্মারকে পরিচালক ও অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ জানান।

২। বর্ণিত অবস্থায়, পরিচালক ও অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ কর্তৃক আনীত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা নেওয়া হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জনানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

স্বা:
মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইলঃ dg@dgnm.gov.bd

**কর্মস্থলের ঠিকানা**
জনাব সুমিতা হালদার
পিতা: সুশীল হালদার
সিনিয়র স্টাফ নার্স
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা।

**স্থায়ী ঠিকানা**
জনাব সুমিতা হালদার
পিতা: সুশীল হালদার
গ্রাম: উত্তর দেহেরগটি
পোস্ট: রহমতপুর
থানা: বাবুগঞ্জ
জেলা: বরিশাল।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৫.২১- ৬০৪১(৫)

তাং---- ১৪ / ৪ /১৪২৮বঙ্গাব্দ
২৯ / ৭ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :
০১। পরিচালক ও অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউড ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫। অফিস কপি।

২৯/৭/২০২০
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৩৫.২০২০-

তাং---/---/১৪২৮ বঙ্গাব্দ
---/---/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন জনাব সমাপ্তি সমদ্দার, পিতা: নরেন্দ্রনাথ সমাদ্দার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠী এর সক্ষমতার স্বপক্ষে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল এর মেডিকেল সার্টিফিকেট এর মূলকপি/সত্যায়িত অনুলিপি প্রেরণ।

সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নার্সিং সেবা-২ শাখার স্মারক নং ৪৫.০৩.০০০০.১৭৩.২৭.০১৩.১৯-১৭ তারিখ: ০১.০৩.২০২১ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জনাব সমাপ্তি সমদ্দার, পিতা: নরেন্দ্রনাথ সমাদ্দার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠী এর সক্ষমতার স্বপক্ষে ডা: সৌরভ সুতার, কনসালটেন্ট (সার্জারী) ও আবাসিক সার্জন, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল এর মেডিকেল সার্টিফিকেট এর সত্যায়িত অনুলিপি (কপি সংযুক্ত) মহোদয়ের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: সক্ষম ঘোষণা সংক্রান্ত সনদের সত্যায়িত কপি ----- ০১ (এক) পাতা।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ইমেইলঃ dg@dgnm.gov.bd

সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(দৃষ্টি আকর্ষণ: মো: মেজবাউল হোসেন, সিনিয়র সহকারী সচিব, নার্সিং সেবা-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৩৫.২০২০- ৬০৫/১(৮)

তাং ২৪/৪/১৪২৮ বঙ্গাব্দ
২৭/৭/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
০২। সিভিল সার্জন, ঝালকাঠী।
০৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝালকাঠী।
০৪। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সেবা তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, ঝালকাঠী।
০৬। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, ঝালকাঠী।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৮। অফিস কপি।

২৭/৭/২১

মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।